# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 15 April, 2025

ফেনীর দাগনভূঞায় বাজার ইজারা নিয়ে দ্বন্দ্বের জেরে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ হয়েছে।এতে আহত হয়েছেন বেশ কয়েকজন।

আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে উপজেলার জিরো পয়েন্টে এ ঘটনা ঘটে।এতে জড়িত সন্দেহে ৩৬ জনকে আটক করা হয়েছে।

স্থানীয় বাসিন্দারা জানান, দাগনভূঞা উপজেলা বিএনপির আহ্বায়ক কমিটি নিয়ে দলের ভাইস চেয়ারম্যান আবদুল আউয়াল মিন্টুর ছোট ভাই ও উপজেলা বিএনপির আহ্বায়ক আকবর হোসেন এবং পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক কাজী সাইফুর রহমান স্বপনের সমর্থকদের মধ্যে দ্বন্দ্ব চলছে।সম্প্রতি দাগনভূঞা বাজারের ইজারা নেন আকবরের এক অনুসারী।এ নিয়ে গতকাল সোমবার স্বপনের ভাই বহিষ্কৃত ছাত্রদল নেতা কাজী জামশেদুর রহমান ফটিকের লোকজনের সঙ্গে তাঁদের কথা-কাটাকাটি হয়।এর জেরে আজ মঙ্গলবার দুই পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া, ককটেল বিস্ফোরণ ও সংঘর্ষের ঘটনা ঘটে।এতে পুরো বাজারে আতঙ্ক ছড়িয়ে পড়ে।পরে সেনাবাহিনী ও পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

আকবর বলেন, ‘ইজারার ব্যাপারটি প্রশাসনিক বিষয়।সম্প্রতি আমাদের এক কর্মী বাজার ইজারা পাওয়ার পর নিয়ম অনুযায়ী টাকা তুলতে গেলে বহিষ্কৃত ছাত্রদল নেতা কাজী জামশেদুর রহমান ফটিক বাধা দেন এবং তাঁরা টাকা তুলবেন বলে জানান।আজ আমাদের কিছু নেতা-কর্মী বাজারে অবস্থান করার সময় তাঁরা অস্ত্র নিয়ে হামলা চালান।এতে আমাদের কয়েকজন নেতা-কর্মী আহত হন।

এদিকে জামশেদুর বলেন, ‘উপজেলা বিএনপির আহ্বায়ক আকবর হোসেনের লোকজন আগে থেকেই বাজারে এসে মহড়া দেওয়ার ঘোষণা দেয়।সেই অনুযায়ী আজ সকালে তারা দাগনভূঞা জিরো পয়েন্টে এসে প্রকাশ্যে গুলি করে।একপর্যায়ে আমাদের দলীয় নেতা-কর্মীদের ওপর হামলা চালায়।এতে যুবদল নেতা চৌধুরী রিয়াদ, লিটন, রাসেল, রিয়াজ, রাজু, হানিফসহ কয়েক নেতা-কর্মী আহত হন।এখন আবার আমাদের কিছু নেতা-কর্মীকে পুলিশ আটক করেছে।বিষয়গুলো দলের শীর্ষ নেতাদের জানানো হয়েছে।

এ বিষয়ে জেলার সহকারী পুলিশ সুপার (সোনাগাজী-দাগনভূঞা সার্কেল) তসলিম হুসাইন বলেন, ‘দাগনভূঞা বাজারের ইজারাকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষের সূত্রপাত।এ সময় এসএসসি পরীক্ষাকেন্দ্রের পাশে বিস্ফোরণে আশপাশে আতঙ্ক ছড়িয়ে পড়েছিল।এ ঘটনায় যৌথ বাহিনীর অভিযান চলছে।এরই মধ্যে জিজ্ঞাসাবাদের জন্য ৩৬ জনকে আটক করা হয়েছে।বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক আছে।

বিএনপি সংঘর্ষ আহত আটক ইজারা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 11:05

URL: https://www.timestodaybd.com/chittagong/851775807